**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:07-09-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Assembly Ends :**

ত্রয়োদশ রাজ্য বিধানসভার তিনদিনব্যাপী পঞ্চম অধিবেশন গতকাল শেষ হয়েছে। শেষ দিনে মোট ৩টি বিল গৃহিত হয়। বিলগুলি হল The Tripura Appropriation Bill 2024, The Tripura State Goods and Services Tax এর অষ্টম সংশোধনী বিল ও The Tripura Housing Board দ্বিতীয় সংশোধনী বিল।

এদিকে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল রাজ্য বিধানসভায় রাজ্যের বন্যাদুর্গত পরিস্থিতি মোকাবিলায় ৫৬৪ কোটি টাকার প্যাকেজ ঘোষনা করেন। তিনি বলেন, আগামী ২ মাস খাদ্য দপ্তরের মাধ্যমে রেশন কার্ড পিছু ১০ কেজি করে বাড়তি চাউল দেওয়া হবে। এতে ৯ লক্ষ ৮০ হাজার পরিবার উপকৃত হবে। বিদ্যুৎ পরিষেবা উন্নয়নে বিদ্যুৎ লাইনগুলি সংস্কার ও রক্ষনাবেক্ষনের জন্য ১০০ কোটি টাকা, বন্যায় ভেঙে যাওয়া স্কুলবাড়ি, অঙ্গনওয়াড়ি কেন্দ্র, রাস্তাঘাট পুনর্গঠনের জন্য ২০০ কোটি টাকা, কৃষকদের খারিফ ও রবিচাষের বীজ সার সরবরাহের জন্য ১৫ কোটি টাকা, মৎস্য দপ্তর মাধ্যমে মৎস্য চাষীদের উন্নয়নের জন্য ১০ কোটি টাকা খরচ করা হবে। ক্ষয়ক্ষতির সর্বশেষ পরিমান নিরুপন করে কেন্দ্রীয় সরকারের কাছো পাঠালে কেন্দ্রীয় সরকার আন্ত: কেন্দ্রীয় মন্ত্রকের আরও একটি টিম রাজ্যে আসবেন বলেও জানান তিনি। সম্প্রতি এনএলএফটি, এটিটিএফের সঙ্গে ত্রিপাক্ষিক চুক্তি স্বাক্ষরের জন্য দিল্লিতে গিয়েও স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ'র সঙ্গে তিনি দেখা করে বন্যার সর্বশেষ

পরিস্থিতি অবগত করেন বলেও জানান তিনি। ত্রিপাক্ষিক চুক্তির প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বিধানসভায় বলেন, ২৫০ কোটি টাকার একটি প্যাকেজ কেন্দ্রীয় সরকার বিবেচনা করেছে। রাজ্য সরকার রাজ্যের সার্বিক উন্নয়নে এই টাকা খরচ করবেন বলেও জানান মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রীর বিবৃত্তির পর অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন অনিদিষ্ট কালের জন্য অধিবেশন মুলতুবি ঘোষনা করেন।

************************

**PM Janaman-North :**

উত্তর জেলার দশদা ব্লকে আজ থেকে পিএম জনমন প্রকল্পে প্রকৃত পিছিয়ে পড়া জনজাতি পরিবারগুলিকে ১০০ শতাংশ সহায়তা দেওয়ার লক্ষ্যে সচেতনতা অভিযান ও শিবির অনুষ্ঠিত হবে। কর্মসূচি হিসেবে আজ ব্লকের পশ্চিম ভান্ডারিমা, ৯ সেপ্টেম্বর এস কে শেরমুন, ১০ সেপ্টেম্বর উত্তর তুইসামা, ১১ সেপ্টেম্বর পূর্ব সাতনালা, ১২ সেপ্টেম্বর পশ্চিম সাতনালা, ১৩ সেপ্টেম্বর পূর্ব ভান্ডারিমা, ১৭ সেপ্টেম্বর কালাপানি, ১৮ সেপ্টেম্বর খাকচাংপাড়া ভিলেজে এই সচেতনতা অভিযান ও শিবিরগুলি অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, শিবিরগুলিতে রিয়াং জনজাতি সম্প্রদায়ের সুবিধাভোগীদের মধ্যে বিভিন্ন সুযোগ ও সুবিধা প্রদান করা হবে।

***************************

**Swacchata Hi Seva :**

মহাত্মা গান্ধী'র আসন্ন জন্মজয়ন্তী'কে সামনে রেখে স্বচ্ছতা হি সেবা কর্মসূচি পালনের প্রস্ততি চলছে ঊনকোটি জেলাতে। গতকাল কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে এই উপলক্ষে জেলাভিত্তিক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, জেলার অতিরিক্ত জেলাশাসকদ্বয় যথাক্রমে অর্ঘ্য সাহা এবং এল,দারলং, কৈলাসহরের S.D.M প্রদীপ সরকার সহ জেলার বিভিন্ন দপ্তরের

আধিকারিকরা। বৈঠকে "স্বচ্ছতা হি সেবা" কর্মসূচিকে সফল ও সার্থক করে তুলতে আলোচনা ও মতবিনিময় করা হয়।

*************************

**C.M Private M.College :**

রাজ্যে বেসরকারী উদ্যোগে মেডিক্যাল কলেজ স্থাপন নিয়ে গতকাল বিধানসভা অধিবেশনে আলোচনা হয়। রাজ্য সরকার ত্রিপুরা শান্তিনিকেতন মেডিক্যাল কলেজের জন্য আগরতলার আই জি এম হাসপাতালকে শিক্ষণ হাসপাতাল হিসাবে ব্যবহারের অনুমতি দিয়েছে, এই বিষয়ে বিধায়ক সূদীপ রায় বর্মনের আনা, এক দৃষ্টি আকর্ষণী নোটিশের উপর বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, রাজ্য সরকারের পক্ষে মেডিক্যাল কলেজ স্থাপনে সীমাবদ্ধতার কারণে, কেন্দ্রীয় সরকার বেসরকারী স্তরে মেডিক্যাল কলেজ স্থাপনে রাজ্য সরকারগুলোকে উৎসাহিত করছে। এর জন্য সরকারী হাসপাতালকে শিক্ষণ হাসপাতাল হিসাবে ব্যবহারের অনুমতিও দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, নিয়ম অনুযায়ী কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক দেশের বিভিন্ন স্থানে ১৫৭টি নতুন মেডিকেল কলেজ স্থাপনের অনুমতি দিয়েছে। সেই অনুযায়ী পশ্চিমবঙ্গের স্বাধীন ট্রাষ্ট, ত্রিপুরা শান্তিনিকেতন মেডিকেল কলেজ স্থাপনে মেডিকেল এডুকেশানের কাছে আইজিএম হাসপাতালের কিছু অংশ ব্যবহারের অনুমতি চায়। মেডিকেল কলেজের জন্য রাণীরখামার এলাকায় ২০.৪০ একর জমি কেনার কথা জানানো হয়েছে। ১৫০ আসনের এই মেডিকেল কলেজে ত্রিপুরার ছাত্র ছাত্রীদের জন্য ৫০ শতাংশ আসন বরাদ্দ রাখা হবে।

*************************

**PM, Water Conservation :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে জল সংরক্ষণ শুধু একটি নীতি নয়, সামাজিক প্রতিশ্রুতির বিষয়। তিনি বলেন, এটি একটি

প্রচেষ্টা ও একটি পুণ্যের কাজ এবং এই আইনে উদারতার পাশাপাশি দায়িত্ব রয়েছে। প্রধানমন্ত্রী গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে গুজরাটের সুরাটে জল সংরক্ষণ উদ্যোগ, 'জল সঞ্চয় জন ভাগিদারি'-র উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছিলেন। প্রধানমন্ত্রী আগামী প্রজন্মের জন্য একটি সুস্থায়ী ভবিষ্যৎ নিশ্চিত করতে জল সংরক্ষণের সকল প্রচেষ্টায় জনগণের অংশগ্রহণের ওপর জোর দেন। তিনি বলেন, জলের ঘাটতি মোকাবেলায় নতুন ও উদ্ভাবনী প্রযুক্তি গ্রহণের সময় এসেছে। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাটিল এবং গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল সুরাটে রাজ্যব্যাপী 'জল সঞ্চয় জন ভাগিদারি' উদ্যোগের সূচনা করেন।

***************************

**Current affairs :**

সারা দেশের পাশাপাশি রাজ্যেও চলছে রাষ্ট্রীয় পোষণ মাস কর্মসূচি। রাজ্য সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের পাশাপাশি কাজ করছে স্বাস্থ্য দপ্তর ও। পুষ্টিকর খাবারের পাশাপাশি বিভিন্ন স্থানে এনিমিয়া ক্যাম্প করে পরিষেবা দেওয়া হচ্ছে। এই নিয়ে আজ আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের সাপ্তাহিক আলোচনা শোনা যাবে বেলা ৩টা বেজে ১৫মিনিটে আকাশবাণী আগরতলার কেন্দ্র থেকে। অনুষ্ঠানে অংশ নেবেন রাজ্য সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা চন্দ্রানী বিশ্বাস। মূল অনুষ্ঠানের পরে Air news agartala সামাজিক মাধ্যমে অনুষ্ঠানটি শোনা যাবে।

**************************

**Media Workshop-Khowai :**

খোয়াই জেলাশাসক কার্যালয়ে গতকাল টিকাকরণ কর্মসূচি নিয়ে এক মিডিয়া কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক সুমিত কুমার পান্ডে, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক

ডা. নির্মল সরকার, জেলা ইমুনাইজেশান অফিসার ডা. বিক্রম দেববর্মা প্রমুখ। কর্মশালায় অতিথিগণ টিকাকরণ কর্মসূচির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

*****************************

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুএক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর।

*******************************